

Class – 3

Subject – 2nd Language Bengali

Chapter – অনুচ্ছেদ (Paragraph)

আজ আমরা শিখব অনুচ্ছেদ বা Paragraph কিভাবে লিখতে হয় ।

আমি জানি তোমরা আগের Class-এ অনুচ্ছেদ বা Paragraph লেখা শিখেছ ।

আজ আমরা আবার অনুচ্ছেদ বা Paragraph লেখা শিখব ।

আমরা আজ দুটি বিষয়ের ওপর অনুচ্ছেদ বা Paragraph লিখব ।

1. উৎসব বিষয়ক (Festival)
2. ঋতু বিষয়ক (Season)

1. উৎসব বিষয়ক অনুচ্ছেদ বা Paragraph:-

দুর্গাপূজা

দুর্গাপূজা বাঙালির শ্রেষ্ঠ উৎসব । শরৎকালে এই উৎসব অনুষ্ঠিত হয় । কাশফুল, শিউলি ফুলের গন্ধ, নীল আকাশে ভেসে চলা শরতের সাদা মেঘ, এ সবই আমাদের মনে করিয়ে দেয় যে এবার দুর্গাপূজার সময় হয়েছে । মহালয়া থেকে শুরু হয়ে যায় পূজা পর্ব । প্রতিমা তৈরি, মণ্ডপ সজ্জা, আলোক সজ্জা অনেক আগে থেকেই শুরু হয়ে যায় । দুর্গাপূজার সময় নতুন জামা-কাপড় কেনা হয়, ঘরদোর পরিষ্কার পরিচ্ছন্ন করে সাজানো হয় । এই সময় দূর দেশ থেকে সকলে বাড়িতে ফিরে আসেন । দেবী দুর্গার দশটি হাত । প্রত্যেক হাতে থাকে নানারকমের অস্ত্র । সিংহের উপর দাঁড়িয়ে ত্রিশূল দিয়ে দেবী মহিষাসুরকে বিদ্ধ করে আছেন ; এই হল দেবী মূর্তি । দেবী দুর্গার ডান দিকে গণেশ ও লক্ষ্মী এবং বাম দিকে সরস্বতী ও কার্তিক থাকেন । গণেশের পাশে থাকে কলা-বৌ । ষষ্ঠী তিথিতে হয় মায়ের বোধন । সপ্তমী, অষ্টমী ও নবমী তিথিতে খুব ধুমধাম করে দুর্গা মায়ের পূজা হয় । নতুন জামা-কাপড় পড়ে পূজা মণ্ডপে চারদিন ধরে ঠাকুর দেখা হয় । দশমীতে হয় বিসর্জন । বিসর্জনের পর হয় বিজয়া উৎসব । দুর্গাপূজা আমাদের মিলনের উৎসব ।

2. ঋতু বিষয়ক অনুচ্ছেদ বা Paragraph:-

গ্রীষ্মকাল

আমাদের দেশে ছয়টি ঋতু। এই ঋতুগুলির মধ্যে প্রথমটি হল গ্রীষ্মকাল। বৈশাখ ও জ্যৈষ্ঠ – এই দুইমাস গ্রীষ্মকাল। এই সময় সূর্যের তাপ হয় অতি প্রখর। দিন হয় বড় এবং রাত হয় ছোটো। যত বেলা বাড়ে দিনের তাপমাত্রাও তত বাড়ে। সেই তাপে চারদিক যেন পুড়ে যায়। সব প্রাণী গরমে হাঁসফাঁস করে। মানুষেরও কষ্টের শেষ থাকে না। এই সময় পুকুর, খাল-বিল, নদী প্রায় শুকিয়ে যায়। এই সময় বিকেলে মাঝে মাঝে প্রবল ঝড়-বৃষ্টি হয়, একে বলে কালবৈশাখী। এর ফলে গাছপালা উপড়ে, ডালপালা ভেঙে, কুঁড়ে ঘরের চাল উড়ে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ে। গ্রীষ্মকালে আম, জাম, কাঁঠাল, লিচু, প্রভৃতি নানারকমের ফল পাওয়া যায়। এই সময় পাট ও আউশ ধানের চাষ হয়। বেল, চাঁপা, গন্ধরাজ প্রভৃতি ফুল এই সময় ফোটে। গ্রীষ্মকাল হল কষ্টের কাল তবে গ্রীষ্মকাল বর্ষার আগমন ক্ষেত্র রচনা করে।

Work Sheet

1. উৎসব বিষয়ক একটি অনুচ্ছেদ বা Paragraph লেখো নিজের ভাষায়।
যেমনঃ – সরস্বতী পূজা
2. ঋতু বিষয়ক একটি অনুচ্ছেদ বা Paragraph লেখো নিজের ভাষায়।
যেমনঃ – বর্ষাকাল
